

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড

আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম।

বন্ধককৃত সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি

(অর্থস্বর্ণ আদালত আইন-২০০৩ এর ১২ ধারা অনুযায়ী)

মেসার্স এম.এস. ট্রেড ইন্টারন্যাশনাল, ৬২, পূর্ব নাসিরাবাদ, চট্টগ্রাম, মালিক- মোহাম্মদ মহিউদ্দিন, পিতা- মঞ্জুর আলম, মাতা- লায়লা বেগম, স্থায়ী ঠিকানা- ৬২, পূর্ব নাসিরাবাদ, থানা-পাটলাইশ, চট্টগ্রাম, অত্র ব্যাংক হইতে গৃহীত ঋণ পরিশোধ না করায় খেলাপী ঋণ বাবদ অত্র ব্যাংকের পাওনা ২৭/০৬/২০১৬ ইং পর্যন্ত সুদাসলে ৭,৯৬,৫৭,৭৮২.০০ টাকা (কথায় সাত কোটি ছিয়ানক্বই লাখ সাতাল্ল হাজার সাতশত বিরাশি টাকা মাত্র) ও আদায়কাল পর্যন্ত অনারোপিত সুদ আদায়ার্থে ঋণের জামানত হিসাবে অত্র ব্যাংকের বরাবরে বন্ধককৃত উক্ত মোহাম্মদ মহিউদ্দিন এর মালিকানাধীন নিম্ন তপসিলে বর্ণিত সম্পত্তি বিক্রয়ের জন্য সীল মোহরকৃত দরপত্র আহবান করা হইল :-

দরপত্রের শর্তাবলী :-

- ১। প্রত্যেক দরদাতা তাহাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানাসহ প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর 'সম্পত্তি ক্রয়ের দরপত্র' লিখিয়া দাখিল করিতে হইবে।
- ২। দরদাতাকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হইতে হইবে।
- ৩। দরপত্র আগামী ১৪.০৮.১৬ ইং তারিখ অপরাহ্ন ৩.০০ ঘটিকার মধ্যে নিম্নোক্ত ঠিকানায় রক্ষিত দরপত্র বাঞ্ছা জমা দিতে হইবে এবং ঐদিনই অপরাহ্ন ৩.১৫ ঘটিকার সময় দরপত্র খোলা হইবে।
- ৪। প্রত্যেক দরদাতা, উদৃত দর অনুর্ধ্ব ১০ (দশ) লক্ষ টাকা হইলে উহার ২০%, উদৃত দর ১০ (দশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা হইলে উহার ১৫% এবং উদৃত দর ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।
- ৫। দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম বা অপরিপূর্ণ প্রতীয়মান হইলে এবং নিম্নবর্ণিত তফসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র এবং কম জামানত প্রদানকারী কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।
- ৬। অনুর্ধ্ব ১০ (দশ) লক্ষ টাকার উদৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে ১০ (দশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকার উদৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকার অধিক উদৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরপত্র দাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন, ব্যর্থতায় কর্তৃপক্ষ জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।
- ৭। সর্বোচ্চ দর গ্রহণের বিষয়টি ব্যাংক কর্তৃপক্ষের বিবেচনা সাপেক্ষ। অপরাপর এতদসংশ্লিষ্ট সকল বিষয়ে ব্যাংক কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে এবং অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ধারা ১২ এবং ধারা ৩৩ এর বিধান যতদূর সম্ভব অনুসরণীয় হইবে।
- ৮। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল কিংবা সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। বাতিলকৃত দরদাতাকে জামানতের টাকা ফেরত দেওয়া হইবে। অন্য কোন তথ্য জানার জন্য নিম্নোক্ত ঠিকানায় যোগাযোগ করিতে পারিবে।

- ৯। সফল দরদাতাকে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ এবং উহার উপর কোন সরকারী, আধা সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের যথা পৌরসভা, ওয়াসা, পিডিভি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদিসহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবি থাকিলে তাহা দরদাতাকে বহন করিতে হইবে।

সম্পত্তির তফসিল

জিলা- চট্টগ্রাম, থানা- সীতাকুন্ড, মৌজা-জঙ্গল ভাটিয়ারী, জেএল নং-৫৯, চট্টগ্রাম সীতাকুন্ড সাব রেজিষ্ট্রি অফিসের এলাকাধীন চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ সিলিমপুর আবাসিক এলাকার লে-আউট প্ল্যান নং-টিপি/এফ-১৫-৪১/৮৭ তারিখ-২৬/০৯/১৯৮৭ ইং এর প্রদর্শিত প্লট নং-৬৫৮ সামিল বিএস নামজারী ৬৪৮, ৬৭৯ ও ৮৪২ নং খতিয়ানাদির বিএস ৯১২ দাগের .০৬৬০ একর বা ৪.০০ কাঠা বা ২৮৮৪.২৬ বর্গফুট এবং ইহাতে স্থিত একতলা বিশিষ্ট দালান, যাহার চৌহদ্দি : উত্তরে-প্লট নং-৬৫৩, দক্ষিণে-৩০ ফুট প্রশস্ত রাস্তা, পূর্বে-প্লট নং-৬৫৯, পশ্চিমে-৬৫৭।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম।

.....
ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড
আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম।